

"শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
মবিঅ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



নম্বর-৩২.০০.০০০০.০২৮.২৩.০২২.২০-১৩১

তারিখ: ১৫ বৈশাখ, ১৪২৭  
২৮ এপ্রিল, ২০২১

বিষয়ঃ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের গত ২০/০৯/২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৫২২ সংখ্যক স্মারকমূলে ৮ আগস্ট বঙ্গমাতার জন্ম দিবসকে 'ক' শ্রেণীভুক্ত জাতীয় দিবস হিসেবে ঘোষণা করে পরিপত্র জারি করা হয়। বঙ্গমাতার অবদানকে চিরস্মরণীয় করার লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে নারীদের অবদানকে স্বীকৃতি প্রদানের জন্য সরকার 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক' প্রবর্তন করেছে। রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা এবং কৃষি ও পল্লিউন্নয়ন এ বিশেষ অবদানের জন্য রাষ্ট্রের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ ০৫ (পাঁচ) জন নারীকে এ পদক প্রদান করা হবে।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক' প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা হয়েছে। 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' নীতিমালা এবং আবেদনপত্রের 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েবসাইট ([www.jms.gov.bd](http://www.jms.gov.bd)) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত 'ছক' ব্যতীত অন্য কোন 'ছক' এ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। আগামী ৩১ মে, ২০২১ তারিখের মধ্যে নির্ধারিত 'ছক' অনুযায়ী আবেদনের সফট কপি ই-মেইলে ([sasmobio-1@mowca.gov.bd](mailto:sasmobio-1@mowca.gov.bd)) এবং ডাকযোগে/সরাসরি ০২ (দুই) সেট হার্ডকপি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৭(সাত) ফর্দ।

*Shweta* ২৫/০৪/২০২১  
(শারাবান তাহরা)  
উপসচিব  
☎ ০২-৯৫৬৭৪১৭  
ই-মেইল-[sasmobio-1@mowca.gov.bd](mailto:sasmobio-1@mowca.gov.bd)

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ। (বিজ্ঞপ্তিটি স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশসহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা বরাবর বহল প্রচারের অনুরোধ করা হলো।)

- ৩। বিভাগীয় কমিশনার (সকল)..... বিভাগ।
- ৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
- ৬। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।
- ৮। জেলা প্রশাসক (সকল)..... জেলা
- ৯। ..... বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমী/শিল্পকলা একাডেমী/নজরুল ইন্সটিটিউট, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।